

পৃঃ ১৬ জ্যৈষ্ঠ ২৭১২৩১২৬

❖ কৃষি সংবাদ ❖



প্রদর্শনী মাঠ পরিদর্শন করেন অতিথিরা

জিঙ্কসমৃদ্ধ ধানের মাঠ দিবস

কেএস রহমান শফি

জিঙ্কসমৃদ্ধ ব্রি ধান৭২ প্রদর্শনীর মাঠ দিবস টাঙ্গাইল সদর উপজেলার পোড়াবাড়ী ইউনিয়নের কেন্দুয়া গ্রামে গত বুধবার অনুষ্ঠিত হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সদর উপজেলার আয়োজনে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসে সহযোগিতা করেছে হারভেস্ট প্লাস বাংলাদেশ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট খোরশেদ আলম, বিশেষ অতিথি ছিলেন ভাইস চেয়ারম্যান মো. আব্বাস আলী। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর টাঙ্গাইলের উপ-পরিচালক মো. আবুল হাশিমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মোহাম্মদ বনি আমিন। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন দাইন্যা ইউনিয়নের চেয়ারম্যান মো. লাভলু মিয়া লাভু, স্থানীয় উপ-সহকারী কৃষি কর্মকর্তা আমেনা খাতুন, প্রদর্শনীর কৃষক ফতেপুর গ্রামের আবদুল মান্নান। অনুষ্ঠান পরিচালনা করেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোহাম্মদ মশিউর রহমান।